গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স ঃ ৭২৪৯৫৪
ই-মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০১২.০৩১.০০.০০.০৭৩/২০১৫ ০১/০৫/২০১৯ খ্রিঃ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ বেতার
চট্টগ্রাম ও খুলনা

বিষয় ঃ ঘূর্ণিঝড়ের বিপদ সংকেত সম্প্রচার প্রসঙ্গে।

নিম্নোক্ত বার্তাটি বাংলাদেশ বেতারে সম্প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে একান্ত অনুরোধ করা হল:

বার্তা

বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্যানুযায়ী, বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় 'ফনি' ভয়াবহ রূপ ধারণ করে চট্টগ্রাম উত্তর-পূর্ব দিকে অগ্রসর হচ্ছে। সৃষ্ট ঘূর্ণিঝড়টির প্রভাবে সাগর উত্তাল রয়েছে। এটি আগামী ৩ মে ২০১৯ তারিখ সন্ধ্যার পর কলকাতা ও খুলনার ওপর দিয়ে উপকুল অতিক্রম করতে পারে। চট্টগ্রাম উপকূলে এর প্রভাব পড়বে। এছাড়া, এর গতিপথ পূর্ব দিকে পরিবর্তিত অর্থাৎ বেঁকে গেলে, চট্টগ্রাম উপকূল ও আশেপাশের এলাকায় ভয়াবহ প্রভাব পড়তে পারে।

এমতাবস্থায়, এখন থেকে সকল মাছধরা নৌযান, ট্রলার, কার্গো বোট, কোস্টার, ট্যাংকার, যাত্রীবাহী নৌযান-সহ সকল নৌযানকে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করা এবং ২ মে ২০১৯ তারিখ থেকে, ঘূর্ণিঝড় সমাপ্ত না হওয়া পর্যন্ত, সাগরে যাওয়া থেকে বিরত থাকার জন্য পরামর্শ প্রদান করা হল।

নৌপ্রকৌ. সাজিদ হোসেন
প্রিন্সিপ্যাল অফিসার

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১. ডীপ সী বোট মালিক সমিতি, ফিশারীঘাট, চট্টগ্রাম।
২. চট্টগ্রাম কার্গো ট্রলার মালিক সমিতি, ৭১২ ষ্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মেরিন ফিসারিজ এসোসিয়েশন, মাদ্রাসা মার্কেট, ৩য় তলা, ২১২/৩, কাজী নজরুল ইসলাম রোড (রাজ হোটেল পার্শ্বে), সদরঘাট, চট্টগ্রাম।
৪. কোষ্টাল শীপ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ৭৫/এ, কাকরাইল, ঢাকা - ১০০০।
৫. বাংলাদেশ তৈলবাহী জাহাজ মালিক সমিতি, হ্যাপি রহমান প্লাজা (৫ম তলা), ২৫-২৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, ঢাকা - ১০০০।
৬. সভাপতি, বাংলাদেশ পেট্রোলিয়াম ট্যাংকার ওনার্স এসোসিয়েশন, স্যুট-৫০২, লেভেল-৫, ব্লক-সি, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা -১২১৫।
৭. সভাপতি, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, আকবর টাওয়ার, থার্ড ফ্লোর, ১৫/৫ বিজয় নগর, রুম নং - ০১ এবং ০২, ঢাকা - ১০০০।
৮. ইনল্যান্ড ভেসেল ওনার্স এসোসিয়েশন অব চিটাগাং, এসএ চেম্বার, ৩য় তলা, ৩১৭ স্ট্র্যান্ড রোড, চট্টগ্রাম।
৯. ওয়াটার ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশান সেল, কাদেরী চেম্বার, (৫ম তলা), ৩৭ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১. সচিব, নৌ পরিবহন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪. চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৫. চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
৬. পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স ঃ ৭২৪৯৫৪
ই-মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০১২.০৩১.০০.০০.০৭৩/২০১৫ ০১/০৫/২০১৯ খ্রিঃ

অফিস আদেশ নং - ০৪/২০১৯

দেশের উপর দিয়ে সম্ভাব্য ঘূর্ণিঝড়/সাইক্লোন/জলোচ্ছ্বাসের প্রেক্ষিতে চট্টগ্রাম/মোংলা সমুদ্র বন্দরকে ৪ নম্বর বিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। অতএব, নৌ-বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম এবং এর আওতাধীন নৌ-বাণিজ্য অফিস, খুলনা এবং কক্সবাজার, সেন্টমার্টিন ও কুতুবদিয়া বাতিঘরের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিম্নরূপ সাবধানতা অবলম্বন করতে এবং কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া যাচ্ছে:

১. সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল বলে গণ্য করা হবে এবং সকল কর্মকর্তা/কর্মচারীকে বিপদ মোকাবেলায় স্ব-স্ব কর্মস্থলে প্রস্তুত থাকতে হবে।

২. অধিদপ্তর/দপ্তর - এ রক্ষিত সকল জীবন রক্ষাকারী, অগ্নি নির্বাপক যন্ত্রপাতি এবং ঔষধপত্র নাগালের মধ্যে রাখতে হবে।

৩. অধিদপ্তর/দপ্তর-এর সব দরজা, জানালা, আসবাবপত্র, ফাইলপত্র, কাগজপত্র ও অন্যা সরঞ্জামাদি বেধেঁ হেফাজতে রাখতে হবে।

৪. বাতিঘর/দপ্তর-এর যাবতীয় যন্ত্রাংশ, বৈদ্যুতিক সরঞ্জাম, গ্যাস সিলিন্ডার, তৈলের ড্রাম সহ বাতিঘরের যাবতীয় সরঞ্জামাদি সর্বোচ্চ সাবধানতা নিয়ে নিরাপদ হেফাজতে রাখতে হবে।

৫. সাইক্লোন শেষ হওয়ার পর ক্ষয়ক্ষতির বিবরন এবং বিশেষ করে বাতিঘর ও বাতির অবস্থা যথাশীঘ্র সম্ভব লোক মারফত/ল্যান্ডফোন/মোবাইল ফোনের মাধ্যমে অত্র অধিদপ্তরে জানাতে হবে।

এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

নৌপ্রকৌ. সাজিদ হোসেন
প্রিন্সিপ্যাল অফিসার

বিতরন ঃ

১. ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ বাণিজ্য দপ্তর, খুলনা।
২. মেকানিক, কক্সবাজার বাতিঘর,কক্সবাজার।
৩. বাতিরক্ষক, সেন্টমার্টিন বাতিঘর, সেন্টমার্টিন, কক্সবাজার।
৪. মেকানিক, কুতুবদিয়া বাতিঘর, কুতুবদিয়া, কক্সবাজার।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-
১.সচিব, নৌ পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.মহাপরিচালক, নৌ পরিবহণ অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স ঃ ৭২৪৯৫৪
ই-মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০১২.০৩১.০০.০০.০৭৩/২০১৫ ০১/০৫/২০১৯ খ্রিঃ

সামুদ্রিক ঝড় 'ফনি'-র বিষয়ে
সীতাকুন্ড শিপ ব্রেকিং ইয়ার্ড সমুহের জন্য জরুরী বিজ্ঞপ্তি

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গোপসাগরে সৃষ্ট সামুদ্রিক ঝড় 'ফনি' ভয়াবহ রূপ ধারন করে বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর হচ্ছে এবং আগামী ৩ মে ২০১৯ তারিখ রোজ শুক্রবার সন্ধ্যার পর কলকাতা, খুলনা, চট্টগ্রাম এবং কক্সবাজার উপকূল অতিক্রম করতে পারে। উপকূল অতিক্রম করার সময় ঘূর্ণিঝড়টির প্রভাবে জলোচ্ছাসের সম্ভাবনা রয়েছে। একই সময় জোয়ারের কারনে ঢেউয়ের উচ্চতা অনেক বৃদ্ধি পাবে মর্মে প্রবল ক্ষয়ক্ষতির আশঙ্কা আছে। এই ঝড়ের মোকাবেলায় প্রস্তুতিমূলক ব্যবস্থা হিসেবে নিম্নোক্ত ব্যবস্থাদি গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে:

১. ঝড়ের সাথে জলোচ্ছাসের সম্ভাবনা রয়েছে তাই সীতাকুন্ডে বিচিং করা জাহাজগুলি যাতে ভেসে না যায় সে জন্য সেগুলিতে সম্ভব হলে ব্যালাষ্ট ভর্তি করতে হবে অন্যথায় জাহাজের হালের মধ্যে বড় ধরনের ছিদ্র করে দিতে হবে,
২. সকল ধরনের জাহাজ ভাংগা কার্যক্রম বন্ধ রাখতে হবে,
৩. বিচিং করা জাহাজ সমূহের প্রতি সার্বক্ষণিক দৃষ্টি রাখতে হবে,
৪. কমপক্ষে একটি টাগবোট ইয়ার্ডের কাছাকাছি রাখতে হবে,
৫. জীবনরক্ষাকারী সরঞ্জাম প্রস্তুত রাখতে হবে,
৬. চট্টগ্রাম বন্দরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে,
৭. বিচিং এর জন্য অপেক্ষমান নোঙ্গরে থাকা নৌযানসমূহকে দুটি করে নোঙ্গর ব্যবহার করতে হবে,
৮. নৌযানের সকল সামগ্রী ভালভাবে বেঁধে রাখতে হবে।

ঝড় মোকাবেলা সংক্রান্ত যে কোন তথ্য, উপদেশ বা সাহায্যের নিমিত্তে নৌ বানিজ্য দপ্তর, চট্টগ্রাম ও নৌ বানিজ্য দপ্তর, খুলনায় নিম্নোক্ত ফোন নম্বর সমূহ সার্বক্ষণিক যোগাযোগের জন্য চালু রাখা হবে:

০৩১-৭২৪১৪০ → চট্টগ্রাম
০১৭৫৪-৯৯৩৭৪৭ → চট্টগ্রাম
০১৭৪২-৭১২৬৩৩ → খুলনা

নৌপ্রকৌ. সাজিদ হোসেন
প্রিন্সিপ্যাল অফিসার

বিতরণ ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১। নটিক্যাল সার্ভেয়ার, নৌ বানিজ্য দপ্তর, খুলনা।
২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৩। সভাপতি, বাংলাদেশ শিপ ব্রেকার্স এসোসিয়েশন (বিএসবিএ), বাড়ি-৩৭৫, রোড-১৩, সিডিএ আ/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪। সভাপতি, এসোসিয়েশন অব শিপ রিসাইক্লিং ইন বাংলাদেশ (এ এস আর বি), বিবিসি স্টীল ভবন দক্ষিন শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম।

বিতরণ ঃ সদয় অবগতির জন্য -
১। সচিব নৌ-পরিবহণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।